# হিসাব খোলার ফরম

## স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড

শরি'আহ্ ভিত্তিক ইসলামি ব্যাংক

# ব্যক্তিক হিসাব
# (Individual Account)

হিসাবের শিরোনাম (বাংলায়)

Title of Account
In English (Block Letter)

হিসাব নম্বর
(Account Number)

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | |

ইউনিক গ্রাহক আইডি
(Unique Customer ID)

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | |

হিসাবের প্রকৃতি ও কোড
(Nature of Account and Code)

শাখা/উপ-শাখা/এজেন্ট আউটলেট-এর নাম
(Name of the Branch/Sub-Branch/Agent Outlet)

- ☐ আল-ওয়াদি'আহ্ চলতি হিসাব (AWCA)
  Al-Wadeeah Current Account (AWCA)
- ☐ বৈদেশিক মুদ্রা জমা হিসাব (FCDA)
  Foreign Currency Deposit Account (FCDA)
- ☐ মুদারাবা সঞ্চয়ী হিসাব (MSA)
  Mudaraba Savings Account (MSA)
- ☐ মুদারাবা বিশেষ নোটিশ জমা হিসাব (MSNDA)
  Mudaraba Special Notice Deposit Account (MSNDA)
- ☐ মুদারাবা স্কুল ব্যাংকিং হিসাব (MSBA)
  Mudaraba School Banking Account (MSBA)
- ☐ মুদারাবা লেদার অ্যান্ড ফুটওয়্যার সেবা হিসাব (MLFSA)
  Mudaraba Leather & Footwear Sheba Account (MLFSA)
- ☐ মুদারাবা গার্মেন্টস ওয়ার্কার্স-সফল হিসাব (MGWSA)
  Mudaraba Garments Workers Shofol Account (MGWSA)
- ☐ মুদারাবা ১০ টাকা সঞ্চয়ী হিসাব
  Mudaraba 10 Taka Savings Account
- ☐ মুদারাবা বন্ধন সঞ্চয়ী হিসাব (MBSA)
  Mudaraba Bondhon Savings Account (MBSA)
- ☐ মুদারাবা সঞ্চয়ী প্রিমিয়াম প্লাস হিসাব (MSPPA)
  Mudaraba Savings Premium Plus Account (MSPPA)
- ☐ মুদারাবা সঞ্চয়ী প্রিমিয়াম হিসাব (MSPA)
  Mudaraba Savings Premium Account (MSPA)
- ☐ মুদারাবা সুপার সেভার্স সঞ্চয়ী হিসাব (MSSSA)
  Mudaraba Super Savers Savings Account (MSSSA)
- ☐ মুদারাবা উইমেন সঞ্চয়ী হিসাব (MWSA)
  Mudaraba Women Savings Account (MWSA)
- ☐ মুদারাবা ক্লাসিক সঞ্চয়ী হিসাব (MCSA)
  Mudaraba Classic Savings Account (MCSA)
- ☐ মুদারাবা গোল্ডেন এইজ সঞ্চয়ী হিসাব (MGASA)
  Mudaraba Golden Age Savings Account (MGASA)
- ☐ মুদারাবা স্মার্ট সেভার প্রিমিয়াম হিসাব (MSSPA)
  Mudaraba Smart Saver Premium Account (MSSPA)
- ☐ মুদারাবা স্মার্ট সেভার লাইট হিসাব (MSSLA)
  Mudaraba Smart Saver Lite Account (MSSLA)
- ☐ মুদারাবা রেমিটেন্স সেভার্স সঞ্চয়ী হিসাব (MRSSA)
  Mudaraba Remittance Savers Savings Account (MRSSA)

# স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড

শরি'আহ্ ভিত্তিক ইসলামি ব্যাংক

..................................শাখা/উপশাখা

## হিসাব খোলার ফরম
## ব্যক্তিক হিসাব (Individual Account)

তারিখ [ ][ ][ ][ ][ ][ ][ ][ ]

হিসাব নম্বর [ ][ ][ ][ ][ ][ ][ ][ ][ ][ ][ ][ ][ ]

ইউনিক গ্রাহক আইডি নম্বর [ ][ ][ ][ ][ ][ ][ ][ ][ ][ ][ ][ ][ ]

(ব্যাংকের ব্যবহারের জন্য)

ব্যবস্থাপক
স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড
........................................................ শাখা/উপশাখা

প্রিয় মহোদয়,
আস-সালামু আলাইকুম।
আমি/আমরা আপনার শাখায় একটি হিসাব খোলার জন্য আবেদন করছি। আমার/আমাদের হিসাব সংক্রান্ত ও ব্যক্তিগত বিস্তারিত তথ্য নিম্নে প্রদান করছি:

### প্রথম অংশ : হিসাব সংক্রান্ত তথ্যাদি

১। হিসাবের শিরোনাম : (বাংলায়) ..........................................................
In English (Block Letter) ..........................................................

২। হিসাবের প্রকৃতি (টিক দিন) : ☐ মুদারাবা সঞ্চয়ী হিসাব ☐ আল-ওয়াদি'আহ্ চলতি হিসাব ☐ বৈদেশিক মুদ্রা জমা হিসাব ☐ মুদারাবা বিশেষ নোটিশ জমা হিসাব
☐ অন্যান্য নির্দিষ্ট করুন ..........................................................

৩। মুদ্রা (টিক দিন) : ☐ টাকা ☐ ডলার ☐ ইউরো ☐ পাউন্ড ☐ অন্যান্য ..........................................................

৪। হিসাব পরিচালনা পদ্ধতি (টিক দিন) : ☐ এককভাবে ☐ যৌথভাবে ☐ যে কোন একজন ☐ যে কোন একজন অথবা জীবিতজন ☐ অন্যান্য ..........................

৫। প্রাথমিক জমার পরিমাণ : (অংকে) ..........................................................(কথায়)..........................................................

৬। আধুনিক ব্যাংকিং সুবিধা (টিক দিন) : ☐ Online Service ☐ ATM Service ☐ Digi-Banking ☐ SMS Service ☐ Others ..................

### দ্বিতীয় অংশ : ব্যক্তি সংক্রান্ত তথ্যাদি[১]

হিসাব নম্বর [ ][ ][ ][ ][ ][ ][ ][ ][ ][ ][ ][ ][ ]

(ব্যাংকের ব্যবহারের জন্য)

হিসাবধারীর ছবি

১। হিসাবধারীর নাম (বাংলায়) :..........................................................
In English (Block Letter) :..........................................................

২। জন্ম তারিখ :..........................................................

৩। পিতার নাম :..........................................................

৪। মাতার নাম :..........................................................

৫। স্বামী/স্ত্রীর নাম :..........................................................

৬। জাতীয়তা :.......................................... ৭। লিঙ্গ :..........................................

*(হিসাবধারী বিদেশি নাগরিক হলে ভিসাসহ পাসপোর্টের কপি আবশ্যিকভাবে গ্রহণ করতে হবে)*

৮। রেসিডেন্ট স্ট্যাটাস (টিক দিন) : ☐ রেসিডেন্ট ☐ নন-রেসিডেন্ট *(প্রয়োজনীয় ক্ষেত্রে ব্যাংক কর্তৃক গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজ্যাকশন্স-এর নির্দেশনা অনুসরণ করতে হবে)*

৯। পেশা (বিস্তারিত) :..........................................................

১০। মাসিক আয় :..........................................................

১১। অর্থের উৎস (বিস্তারিত) : ..........................................................

১২। ট্যাক্স আইডি (e-TIN) (যদি থাকে) : ..........................................................

১৩। (ক) বর্তমান ঠিকানা : সড়ক/গ্রাম :.............................. পো :..............................থানা/উপজেলা :..............................
জেলা :.............................. ফোন/মোবাইল নম্বর :.............................. ই-মেইল : ..............................
(খ) স্থায়ী ঠিকানা : সড়ক/গ্রাম :.............................. পো :..............................থানা/উপজেলা :..............................
জেলা :.............................. ফোন/মোবাইল নম্বর :.............................. ই-মেইল : ..............................

১৪। পরিচিতিপত্র : ক) জাতীয় পরিচয়পত্র নম্বর ..........................................................
অথবা, খ) পাসপোর্ট নম্বর/ জন্মনিবন্ধন নম্বর/ অন্যান্য[২] (নির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে) : ..............................
গ) পরিচয়দানকারীর তথ্য (জাতীয় পরিচয়পত্র ব্যতীত অন্যান্য পরিচিতিপত্র প্রদানের ক্ষেত্রে) :
নাম :..........................................................
হিসাব/ জাতীয় পরিচয়পত্র নম্বর : .............................................. জন্ম তারিখ [ ][ ][ ][ ][ ][ ][ ][ ]

স্বাক্ষর (তারিখসহ) :..........................................................

[১]হিসাবধারী একাধিক হলে প্রত্যেকের এবং হিসাবধারী নাবালক হলে হিসাবধারীর অভিভাবক (বাবা অথবা মা অথবা অন্য কোন আইনগত অভিভাবক) এর ব্যক্তি সংক্রান্ত তথ্যাদি পৃকভাবে দ্বিতীয় অংশে বা দ্বিতীয় অংশের সংলগ্নী হিসেবে যুক্ত করতে হবে।
[২]শুধুমাত্র ফাইন্যান্সিয়াল ইনক্লুশন প্রোডাক্টের ক্ষেত্রে ব্যাংকের নিকট গ্রহণযোগ্য কোনো পরিচিতিপত্র।

হিসাব খোলার সাথে সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর

## তৃতীয় অংশ : নমিনি সংক্রান্ত তথ্যাদি[৩]

হিসাব নম্বর | | | | | | | | | | | | | |
(ব্যাংকের ব্যবহারের জন্য)

১। নমিনি সংক্রান্ত তথ্যাবলি :

আমি/আমরা এ হিসাবের অর্থ আমার/আমাদের মৃত্যুর পর নিম্নে বর্ণিত ব্যক্তি/ব্যক্তিগণকে প্রদানের জন্য মনোনীত করলাম। আমি/আমরা উল্লিখিত মনোনয়ন যে কোন সময় বাতিল বা পরিবর্তনের অধিকার সংরক্ষণ করি। আমি/আমরা এই মর্মে আরো সম্মতি জ্ঞাপন করছি যে, আমার/আমাদের এ নির্দেশনা মোতাবেক ব্যাংক অর্থ প্রদান করবে এবং অর্থ পরিশোধ করা হলে সংশ্লিষ্ট আমানত সম্পর্কিত যাবতীয় দায় পরিশোধ হয়েছে বলে গণ্য হবে।

ক) নমিনির নাম : ................................................................................................ জন্ম তারিখ : ..................................................

খ) বর্তমান ঠিকানা : সড়ক/গ্রাম :................................ পো :.............................. থানা/উপজেলা :.................................................

জেলা :........................................ ফোন/মোবাইল নম্বর :...................................... ই-মেইল :.................................................

স্থায়ী ঠিকানা : সড়ক/গ্রাম :................................ পো :................................ থানা/উপজেলা :.................................................

জেলা :........................................ ফোন/মোবাইল নম্বর :...................................... ই-মেইল :.................................................

গ) শতকরা হার :.........................................................................................................................................

ঘ) হিসাবধারীর সাথে সম্পর্ক :.........................................................................................................................

ঙ) জাতীয় পরিচয়পত্র নম্বর/পাসপোর্ট নম্বর/জন্ম নিবন্ধন নম্বর/অন্যান্য (নির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে) : ..................................................

হিসাবধারী কর্তৃক সত্যায়িত নমিনির ছবি

২। নমিনি নাবালক হলে তার/তাদের নাবালক থাকা অবস্থায় হিসাবধারী/হিসাবধারীগণের মৃত্যুর ক্ষেত্রে ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ১০৩(২) ধারা অনুযায়ী নমিনির পক্ষে আমানতের অর্থ গ্রহণকারীর তথ্য :

ক) নাম :.....................................................................................................................................................

খ) স্থায়ী ঠিকানা : সড়ক/গ্রাম :........................................................ পো :............................................ থানা :..............................................

জেলা :.................................................. ফোন/মোবাইল নম্বর :.......................................... ই-মেইল :..............................................

গ) জাতীয় পরিচয়পত্র নম্বর/পাসপোর্ট নম্বর/জন্ম নিবন্ধন নম্বর/অন্যান্য (নির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে) :..........................................................

ঘ) নমিনির সাথে সম্পর্ক :.....................................................................................................................................

## ঘোষণা ও স্বাক্ষর

আমি/আমরা সজ্ঞানে ঘোষণা করছি যে, উল্লিখিত তথ্যাদি সত্য। আমি/আমরা ব্যাংকের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় তথ্য/দলিলাদি সরবরাহ করব এবং ব্যাংকের যাবতীয় শর্তাবলি পরিপালন করব।

হিসাব নম্বর | | | | | | | | | | | | | |
(ব্যাংকের ব্যবহারের জন্য)

| আবেদনকারী(গণ)[৪] এর নাম ও পদবি | স্বাক্ষর |
|---|---|
| ১. | |
| ২. | |
| ৩. | |
| ৪. | |

হিসাবধারীর ছবি

হিসাবধারীর ছবি

তারিখ | | | | | | | | |

## ব্যাংকের ব্যবহারের জন্য

মন্তব্য :.....................................................................................................................................................

| হিসাব খোলার সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা | BAMLCO/Manager Operations | শাখা প্রধান/অনুমোদনকারী কর্মকর্তা |
|---|---|---|
| নামযুক্ত সীলসহ স্বাক্ষর ও তারিখ | নামযুক্ত সীলসহ স্বাক্ষর ও তারিখ | নামযুক্ত সীলসহ স্বাক্ষর ও তারিখ |

গ্রাহক FATCA পরিপালনের জন্য যোগ্য কিনা (টিক দিন) ☐ হ্যাঁ ☐ না

উত্তর হ্যাঁ হলে FATCA পরিপালন অবশ্যই নিশ্চিত করতে হবে। গ্রাহক/হিসাব পরিচালনাকারীর Proof of Address এর স্বপক্ষে ডকুমেন্টস সংগ্রহ করতে হবে।

[৩] নমিনি একাধিক হলে প্রত্যেকের নমিনি সংক্রান্ত তথ্যাদি পৃথকভাবে তৃতীয় অংশে বা তৃতীয় অংশের সংলগ্নী হিসেবে যুক্ত করতে হবে।

[৪] হিসাবধারী নাবালক হলে আবেদনকারীর স্বাক্ষরের স্থলে হিসাবধারীর অভিভাবক স্বাক্ষর করবেন।

## প্রযোজ্য নিয়ম ও শর্তাবলি : আল-ওয়াদি'আহ্ চলতি হিসাব (AWCA)

১. আল-ওয়াদি'আহ্ চলতি হিসাব পরিচালিত হবে ইসলামি শরি'আহ্ ভিত্তিক আল-ওয়াদি'আহ্ নীতি অনুসারে।
২. আল-ওয়াদি'আহ্ নীতিতে জমাকৃত গ্রাহকের অর্থ ব্যাংক নিরাপদে হেফাজত করবে এবং গ্রাহককে চাহিবামাত্র জমাকৃত অর্থ আংশিক বা সম্পূর্ণ ফেরত প্রদানে বাধ্য থাকবে।
৩. আল-ওয়াদি'আহ্ নীতি অনুযায়ী জমাকৃত অর্থ শরি'আহ্ সম্মত খাতে ব্যাংক বিনিয়োগ করতে পারবে। বিনিয়োগ হতে অর্জিত মুনাফা বা লোকসানে গ্রাহক অংশীদার হবে না।
৪. এছাড়া আল-ওয়াদি'আহ্ নীতির অন্যান্য শর্ত প্রযোজ্য হবে।

## প্রযোজ্য নিয়ম ও শর্তাবলি : মুদারাবা হিসাব

১. এটি হিসাবধারী গ্রাহক এবং স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেডের মধ্যে সম্পাদিত একটি মুদারাবা চুক্তি।
২. মুদারাবা হিসাবে দুটি পক্ষ থাকে। একপক্ষ গ্রাহক/আমানতকারী মূলধন সরবরাহ করে এবং অপরপক্ষ আমানতগ্রহণকারী ব্যাংক মেধা ও শ্রম ব্যয় করে উক্ত মূলধন দিয়ে ব্যবসায় পরিচালনা করে।
৩. এ পদ্ধতির জমাকারীগণ হচ্ছেন 'সাহিব আল-মাল' (অর্থের মালিক) আর ব্যাংক হচ্ছে 'মুদারিব' (ব্যবসায় পরিচালনাকারী)।
৪. ব্যাংক মুদারাবা নীতিমালার ভিত্তিতে জমাকৃত অর্থ শরি'আহ্ অনুমোদিত খাতে বিনিয়োগ করে।
৫. ব্যাংক মুদারাবা তহবিল বিনিয়োগ করে প্রাপ্ত আয়ের কমপক্ষে ৬৫ ভাগ মুদারাবা হিসাবধারীদের মধ্যে ওয়েটেজের ভিত্তিতে বণ্টন করে। আর লোকসান হলে সাহিব আল-মাল (হিসাবধারীগণ) তা বহন করে।
৬. বার্ষিক লাভ-লোকসান চূড়ান্ত হওয়ার পূর্বে সাময়িক (প্রভিশনাল) হারে মুনাফা প্রদান করা হয় এবং বছরান্তে চূড়ান্ত মুনাফার হার নির্ধারণ করে সাময়িক মুনাফার হারের সাথে সমন্বয় করা হয়।
৭. কোনো গ্রাহক মুনাফার হার চূড়ান্ত হবার পূর্বে হিসাব বন্ধ করলে পরবর্তীকালে চূড়ান্ত মুনাফার হার বেশি হলে হিসাবকারীকে তা প্রদান করা হয়। আর কম হলে ব্যাংক তা ফেরত নাও নিতে পারে।
৮. মুদারাবা সঞ্চয়ী হিসাব থেকে সপ্তাহে দুইবার তার স্থিতির ২৫% পর্যন্ত অর্থ উত্তোলন করা যাবে। যদি কোনো জমাদানকারী তার স্থিতির ২৫%-এর বেশি অথবা সপ্তাহে দুইবারের বেশি উত্তোলন করে, তবে গ্রাহক ওই মাসের মুনাফা পাওয়ার যোগ্য হবেন না।
৯. মুদারাবা এসএনডি হিসাব থেকে যেকোনো পরিমাণের উত্তোলনের ক্ষেত্রে ৭ (সাত) দিনের আগাম নোটিশ প্রযোজ্য। অন্যথায় ওই মাসের স্থিতি মুনাফার জন্য বিবেচিত হবে না।
১০. মুদারাবা হিসাবসমূহে বছরে দুইবার (জুন এবং ডিসেম্বর মাসে) সাময়িক হারে মুনাফা প্রদান করা হয়, যা বার্ষিক চূড়ান্ত মুনাফা/লোকসান হিসাবের ভিত্তিতে সমন্বয়/নিষ্পন্ন করা হয়।
১১. এছাড়া মুদারাবা নীতির অন্যান্য শর্ত প্রযোজ্য হবে এবং ভবিষ্যতে পরিবর্তনশীল সকল শর্ত মেনে চলতে বাধ্য থাকবে।
১২. মুদারাবা নীতির সকল হিসাবের প্রাথমিক জমা, প্রদেয় মুনাফার শর্ত ও ওয়েটেজ ব্যাংক কর্তৃক পরিবর্তনযোগ্য।

## অন্যান্য নিয়ম ও শর্তাবলি

**১. প্রাথমিক জমা, ন্যূনতম স্থিতি, প্রদেয় মুনাফার শর্ত ও ওয়েটেজ (ব্যাংক কর্তৃক পরিবর্তনযোগ্য)**

| | আল-ওয়াদি'আহ্ চলতি হিসাব | মুদারাবা বিশেষ নোটিশ জমা হিসাব | মুদারাবা সঞ্চয়ী হিসাব |
|---|---|---|---|
| প্রাথমিক জমা | ১০০০ টাকা | ২৫,০০০ টাকা | ৫০০ টাকা |
| প্রদেয় মুনাফার জন্য যোগ্য স্থিতি | প্রযোজ্য নয় | নোটিশ সাপেক্ষে দৈনিক স্থিতি | মাসের সর্বশেষ তারিখ পর্যন্ত সর্বনিম্ন স্থিতি |
| ওয়েটেজ | প্রযোজ্য নয় | ০.৪৩-০.৫০ | ০.৪৫ |

| | মুদারাবা স্কুল ব্যাংকিং | মুদারাবা লেদার অ্যান্ড ফুটওয়্যার সেবা | মুদারাবা গার্মেন্টস ওয়ার্কার্স-সফল | মুদারাবা ১০ টাকা হিসাব | মুদারাবা বন্ধন সঞ্চয়ী হিসাব |
|---|---|---|---|---|---|
| প্রাথমিক জমা | ১০০ টাকা | ১০০ টাকা | ১০০ টাকা | ১০ টাকা | ১০০ টাকা |
| প্রদেয় মুনাফার জন্য যোগ্য স্থিতি | মাসের সর্বশেষ তারিখ পর্যন্ত সর্বনিম্ন স্থিতি | ৬ তারিখ থেকে সর্বশেষ তারিখ পর্যন্ত সর্বনিম্ন স্থিতি | দৈনিক স্থিতি ভিত্তিক | দৈনিক স্থিতি ভিত্তিক | মাসের সর্বশেষ তারিখ পর্যন্ত সর্বনিম্ন স্থিতি |
| ওয়েটেজ | ০.৫০ | ০.৫০ | ০.৫০ | ০.৫০ | ০.৬০ |

| | মুদারাবা সঞ্চয়ী প্রিমিয়াম | মুদারাবা সঞ্চয়ী প্রিমিয়াম প্লাস | মুদারাবা সুপার সেভার্স সঞ্চয়ী হিসাব | মুদারাবা উইমেন সঞ্চয়ী হিসাব | মুদারাবা ক্লাসিক সঞ্চয়ী হিসাব |
|---|---|---|---|---|---|
| প্রাথমিক জমা | ১,০০,০০০ টাকা | ৫,০০,০০০ টাকা | ২৫,০০,০০০ টাকা | ১,০০০ টাকা | ১,০০০ টাকা |
| প্রদেয় মুনাফার জন্য যোগ্য স্থিতি | ১,০০,০০০ টাকা | ৫,০০,০০০ টাকা | ২৫,০০,০০০ টাকা | ৩,০০০ টাকা ন্যূনতম স্থিতি এবং মাসিক গড় স্থিতির ওপর লভ্যাংশ | ৩,০০০ টাকা ন্যূনতম স্থিতি এবং মাসিক গড় স্থিতির ওপর লভ্যাংশ |
| ওয়েটেজ | ০.৫৫ | ০.৬০ | ০.৬৫ | ০.৬৫ | ০.৬৩ |

| | মুদারাবা গোল্ডেন এইজ সঞ্চয়ী হিসাব | মুদারাবা স্মার্ট সেভার লাইট হিসাব | মুদারাবা স্মার্ট সেভার প্রিমিয়াম হিসাব | মুদারাবা রেমিটেন্স সেভারস সঞ্চয়ী হিসাব | মুদারাবা বৈদেশিক মুদ্রা জমা | মুদারাবা রেসিডেন্ট বৈদেশিক মুদ্রা হিসাব |
|---|---|---|---|---|---|---|
| প্রাথমিক জমা | ১,০০০ টাকা | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | ইউএসডি ১০০০ ডলার বা ৫০০ পাউন্ড | প্রযোজ্য নয় |
| প্রদেয় মুনাফার জন্য যোগ্য স্থিতি | ৩,০০০ টাকা ন্যূনতম স্থিতি এবং মাসিক গড় স্থিতির ওপর লভ্যাংশ | দৈনিক স্থিতির ওপর মাসিক লভ্যাংশ | দৈনিক স্থিতির ওপর মাসিক লভ্যাংশ | ৩,০০০ টাকা ন্যূনতম স্থিতি এবং মাসিক সর্বনিম্ন স্থিতির ওপর মাসিক লভ্যাংশ | ৩০ দিন স্থিতি হতে হবে | প্রযোজ্য নয় |
| ওয়েটেজ | ০.৬৫ | ০.৫৭ | ০.৬০ | ০.৪৫ | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় |

২. বাংলাদেশে প্রচলিত আইন, ব্যাংকিং রীতিনীতি ও ইসলামি শরি'আহর নীতিমালা অনুযায়ী ব্যাংকের হিসাবসমূহ পরিচালিত ও নিয়ন্ত্রিত হবে।

৩. প্রাপ্তবয়স্ক, সুস্থ মস্তিস্ক সম্পন্ন এবং দেউলিয়া নয় এমন যেকোনো বাংলাদেশী নাগরিক নিজ নামে বা যৌথ নামে ব্যাংক হিসাব খুলতে পারবেন। নিরক্ষর ব্যক্তি প্রচলিত নিয়ম অনুসরণ করে হিসাব খুলতে পারবেন।

৪. নাবালকের নামে হিসাব খোলা যাবে। সেক্ষেত্রে তার অভিভাবক কর্তৃক হিসাব পরিচালিত হবে। নাবালক হিসাবের গ্রাহক বয়ঃপ্রাপ্তির (প্রাপ্তবয়স্ক হওয়ার) সাথে সাথে অভিভাবকের হিসাব পরিচালনার অধিকার স্থগিত হবে এবং হিসাবের স্থিত সকল অর্থের একমাত্র বৈধ অধিকারী হবে সেই নাবালক গ্রাহক যে প্রাপ্তবয়স্ক হয়েছে। হিসাবটি চালু রাখতে চাইলে সেক্ষেত্রে হিসাবধারীর সদ্য তোলা ছবি, এস.এস. কার্ড, নাগরিক সনদপত্রের কপি ইত্যাদি গ্রহণ করতে হবে। অন্যথায় হিসাবের পরবর্তী কার্যক্রম স্থগিত থাকবে।

৫. বাংলাদেশ সরকার/জাতিসংঘ/EU/OFAC (Office of Foreign Asset Control) কর্তৃক নিষিদ্ধ ঘোষিত ব্যক্তি বা প্রতিষ্ঠানের কোন ব্যাংক হিসাব খোলা যাবে না।

৬. প্রযোজ্য ক্ষেত্রে একজন গ্রহণযোগ্য ব্যক্তি হিসাবটি শনাক্ত করবেন এবং হিসাব খুলতে আগ্রহী ব্যক্তির সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি শনাক্তকারী কর্তৃক সত্যায়িত হতে হবে।

৭. হিসাব খোলার সময় দুই কপি পাসপোর্ট সাইজ ছবি, জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/ওয়ার্ড কাউন্সিলর কিংবা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ (ছবিযুক্ত) বা নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত পরিচিতিপত্র (ছবিযুক্ত) অথবা ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নিকট গ্রহণযোগ্য ব্যক্তি কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র (ছবিযুক্ত) প্রদান করতে হবে।

৮. প্রতিটি হিসাবের জন্য একটি করে হিসাব নম্বর প্রদান করা হবে। হিসাব নম্বর ও হিসাবের শিরোনাম উল্লেখ করে জমাকারীকে যথাযথভাবে জমার রসিদ পূরণ করে নগদ টাকা/চেক ইত্যাদি জমা দিতে হবে। সংগ্রহের জন্য জমাকৃত চেক ফেরত হলে নিয়ম মোতাবেক ব্যাংক খরচ/কমিশন বাবদ প্রতি চেকের জন্য নির্ধারিত ফি কাটতে পারে। ব্যাংকের নিকট প্রেরিত প্রতিটি চিঠি, নথি ও জমা স্লিপে উক্ত হিসাব নম্বর সঠিকভাবে লিখতে হবে। হিসাব নম্বর ভুল প্রদানের জন্য যদি কোনো তথ্য ভুল হয় তার জন্য ব্যাংক দায়ী থাকবে না।

৯. গ্রাহকের নিকট প্রেরিত কোনো হিসাব বিবরণী সম্পর্কে প্রেরণের তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে গ্রাহক যদি লিখিত কোনো অভিযোগ দাখিল না করে তবে তা গৃহীত হয়েছে বলে ধরে নেওয়া হবে। ডাক সমস্যার কারণে কোনো পত্র প্রাপ্তিতে বিলম্ব হলে ব্যাংক এর জন্য দায়ী থাকবে না।

১০. কোনো জমার ওপর গ্রাহকের হিসাব থেকে ব্যাংক যাকাত প্রদান করে না। গ্রাহককে নিজ দায়িত্বে যাকাত প্রদান করতে হবে।

১১. ব্যাংকের মতে যদি কোনো হিসাব সন্তোষজনকভাবে পরিচালিত না হয়, তা হলে বিনা নোটিশেই ওই হিসাব বন্ধ করার অধিকার ব্যাংক সংরক্ষণ করে। তাছাড়া অন্য কোনো কারণেও ব্যাংক যেকোনো হিসাব বন্ধ করতে পারে এবং এসব কারণ গ্রাহকের নিকট প্রকাশ করা ব্যাংকের জন্য বাধ্যতামূলক নয়।

১২. হিসাবধারীর এক হিসাবের ডেবিট ব্যালেন্স অপর হিসাবের ক্রেডিট ব্যালেন্সের সাথে সমন্বয় করার অধিকার ব্যাংক সংরক্ষণ করে।

১৩. ভুলক্রমে কোনো হিসাবধারীর হিসাবে ক্রেডিট হওয়া অর্থ শনাক্ত হওয়া মাত্র যেকোনো সময় ব্যাংক সংশ্লিষ্ট হিসাবধারীর হিসাব থেকে ডেবিট করে নিতে পারবে। এক্ষেত্রে গ্রাহককে তা জানাতে ব্যাংক বাধ্য নয়।

১৪. হিসাবধারকের ঠিকানার কোন পরিবর্তন হলে অবিলম্বে তা ব্যাংককে জানাতে হবে। ব্যাংক সাধারণত ডাক/কুরিয়ার/ই-মেইল/মোবাইল/মোবাইল এসএমএস যোগে হিসাব মালিকের সাথে যোগাযোগ রক্ষা করে। ডাক/কুরিয়ার যোগে প্রেরিত কোন চিঠিপত্র যথাসময়ে বা আদৌ বিলি না হলে ব্যাংক দায়ী থাকবে না।

১৫. ব্যাংক কর্তৃক ইস্যুকৃত চেক/এটিএম কার্ড, আই-ব্যাংকিং, ডিজি ব্যাংকিং, অন-লাইন ইত্যাদির মাধ্যমে টাকা উত্তোলন/স্থানান্তর করা যাবে।

১৬. চেকের মাধ্যমে টাকা উত্তোলন করার ক্ষেত্রে 'হস্তান্তরযোগ্য দলিল আইন'-এর সকল প্রযোজ্য ধারা বলবৎ হবে।

১৭. হিসাবধারক সরবরাহকৃত নমুনা স্বাক্ষর অনুযায়ী চেক স্বাক্ষর করবেন। নমুনা স্বাক্ষর পরিবর্তন করতে হলে তা পূর্বেই লিখিতভাবে ব্যাংককে অবহিত করতে হবে। ব্যাংকের সাথে যে কোনো প্রকার লিখিত যোগাযোগের ক্ষেত্রে নমুনা স্বাক্ষর ব্যবহার করতে হবে।

১৮. গ্রাহক চেক বইয়ের জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে পারেন। নির্দিষ্ট আনুষ্ঠানিকতা শেষে চেক বই প্রদান করা যাবে। চেক বইয়ের ফি নিয়ম অনুযায়ী আদায় করা হবে।

১৯. গ্রাহক তার নিকট গচ্ছিত চেক বইয়ের সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করবেন। চেকের পাতা বা বই হারিয়ে গেলে অথবা এর অপব্যবহার রোধে অবশ্যই সংশ্লিষ্ট শাখাকে দ্রুত অবহিত করতে হবে এবং অনতিবিলম্বে লিখিতভাবে তা জানাতে হবে। গ্রাহকের দ্বারা কোনোরূপ ক্ষতি হলে তার জন্য ব্যাংক কোনোভাবেই দায়ী থাকবে না।

২০. কোনো গ্রাহকের হিসাব সন্তোষজনকভাবে পরিচালিত না হলে বা পূর্বে ইস্যু করা চেক বইয়ের অধিকাংশ পাতা অব্যবহৃত থাকলে ব্যাংক সেই গ্রাহককে চেক বই ইস্যু না করার অধিকার সংরক্ষণ করে।

২১. গ্রাহকের কাছে ডাকযোগে চেকবই পাঠানো হলে ব্যাংকের কাছে রক্ষিত গ্রাহকের ঠিকানা অনুযায়ী তা পাঠানো হবে। এক্ষেত্রে চেক বই হারানো বা বিলম্বে প্রাপ্তির জন্য ব্যাংক কর্তৃপক্ষ দায়ী হবে না।

২২. ব্যাংকে সংরক্ষিত হিসাবধারীর নমুনা স্বাক্ষরের সঙ্গে চেকে প্রদত্ত স্বাক্ষরের গড়মিল হলে চেক ফেরত পাঠানো হবে। সবসময় নমুনা স্বাক্ষরের সঙ্গে মিল রেখে হিসাবধারীকে স্বাক্ষর করতে হবে।

২৩. গ্রহণযোগ্য নির্দিষ্ট কারণ সাপেক্ষে ব্যাংক চেক বই ফেরত পাঠানোর অধিকার রাখে। কোনো কারণে চেক ফেরত পাঠানো হলে ব্যাংক নিয়ম অনুযায়ী প্রতিবার

ফেরতের জন্য নির্দিষ্ট চার্জ কর্তন করতে পারবে।

২৪. হিসাবধারীর বা তার প্রতিনিধির দ্বারা নির্দেশিত হয়ে ব্যাংক কর্তৃক কোনো চেকের অর্থ প্রদান স্থগিত করার কারণে উদ্ভূত ক্ষতির জন্য গ্রাহক দায়ী থাকবেন। এর জন্য ব্যাংক কোনোভাবে দায়বদ্ধ হবে না।

২৫. হিসাবটি দেশের প্রচলিত মানি-লন্ডারিং প্রতিরোধ আইন ও সন্ত্রাসবিরোধী আইনের আওতায় পরিচালিত হবে এবং হিসাবের যেকোনো প্রকারের তথ্য/তথ্যাদি/দলিল চাহিবামাত্র গ্রাহক দিতে বাধ্য থাকবে।

২৬. সম্ভাব্য বর্তমান অথবা ভবিষ্যত কোনো দায়দেনা পরিশোধের জন্য ব্যাংকে পরিচালিত গ্রাহকের যেকোনো হিসাবের স্থিতি বিবেচনা করা হবে অথবা তা নিরাপত্তা জামানত হিসাবে ব্যবহার করা যাবে।

২৭. ব্যাংক যেকোনো সময় এবং সময়ে সময়ে চাওয়া মাত্র ব্যাংকের প্রাপ্য কোনো সাধারণ লিয়েন বা অন্য কোনো অধিকার বা প্রতিকারের ওপর গ্রাহকের হিসাব থেকে ব্যাংকের পূর্ণ সন্তুষ্টির স্বার্থে প্রয়োজনীয় দায়, যার ওপর গ্রাহকের অধিকার রয়েছে (উক্ত হিসাবসমূহ) হতে কেটে নিতে পারবে। এ ব্যাংকের যেকোনো শাখায় রক্ষিত গ্রাহকের হিসাবসমূহ একটি 'সংযুক্ত অ্যাকাউন্ট' হিসেবে গণ্য হবে। এক্ষেত্রে কোন পূর্বানুমতির প্রয়োজন হবে না।

২৮. ইপিজেড ও অফশোর ব্যাংকিং ইউনিট-এর হিসাবের লেনদেন/কার্যক্রম পরিচালিত হবে বেপজা/ইপিজেড/বাংলাদেশ ব্যাংক/বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন ও আন্তর্জাতিক অফশোর ব্যাংকিং নিয়মনীতি অনুযায়ী।

২৯. সকল এফসি, কনভার্টিবল, নন-কনভার্টিবল, নিটা, ব্লকড টাকা হিসাব, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন ও বাংলাদেশ ব্যাংকের বিধি-বিধান অনুযায়ী পরিচালিত হবে।

৩০. হিসাবধারী তার মৃত্যুর পর জমাকৃত টাকা প্রদানের জন্য নমিনি মনোনীত করতে পারবেন। আমানতকারীর মৃত্যুর পর নিয়ম অনুযায়ী তার মনোনীত ব্যক্তি (নমিনি) গচ্ছিত টাকা গ্রহণ করতে পারবেন। একাধিক মনোনীত ব্যক্তির ক্ষেত্রে গ্রাহক কর্তৃক নির্ধারিত অংশের হারে গচ্ছিত টাকা প্রদেয় হবে। তবে এক্ষেত্রে মনোনীত ব্যক্তি/ব্যক্তিবর্গকে, তার/তাদের মনোনয়নের স্বপক্ষে যথাযথ প্রমাণ উপস্থাপন করতে হবে। মনোনীত ব্যক্তির অবর্তমানে উত্তরাধিকার আইন ১৯২৫ অনুসারে প্রদত্ত উত্তরাধিকার সার্টিফিকেট অনুসারে হিসাবটি নিষ্পত্তি করা হবে।

৩১. একক হিসাবের ক্ষেত্রে, ডিপোজিটর মৃত্যুবরণ করলে হিসাব পরিচালনা বন্ধ করে দেওয়া হবে এবং গচ্ছিত অর্থ (বকেয়া সমন্বয়ের পর, যদি থাকে) আইনগত উত্তরাধিকারগণের মধ্যে বিলি-বণ্টনের জন্য নমিনি(গণ)-কে এবং নমিনি না থাকলে আইনানুগ উত্তরাধিকারীগণকে প্রদান করা হবে।

৩২. গ্রাহক নির্দিষ্ট তারিখের মধ্যে সার্ভিস চার্জ এবং অন্যান্য সম্পর্কিত ফি ও চার্জ ব্যাংকের সিডিউল অব চার্জ মোতাবেক পরিশোধ করতে বাধ্য থাকবেন। গ্রাহক নির্দিষ্ট সময়ের মধ্যে ফি ও চার্জ প্রদানে ব্যর্থ হলে স্বয়ংক্রিয়ভাবে তার হিসাব থেকে কর্তন করা হবে এবং/অথবা আগাম নোটিশ ছাড়াই ব্যাংক ওই সেবা বাতিল করতে পারবে। ফি ও চার্জ সময়ে সময়ে পরিবর্তন হতে পারে। গ্রাহক নতুন সিডিউল অব চার্জ মেনে নিয়েছেন বলে গণ্য হবে যদি ওই পরিবর্তন ব্যাংকের ওয়েব সাইটে আনার পর অথবা ই-মেইল অথবা ব্যাংকের জন্য সুবিধাজনক অন্য যে কোনো মাধ্যমে গ্রাহককে জানানোর পরও তিনি ওই সার্ভিস গ্রহণ করতে থাকেন।

৩৩. সরকার/বাংলাদেশ ব্যাংক/যথাযথ কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী যেকোনো কর, সার্ভিস চার্জ, শুল্ক, ফি, হিসাব বন্ধকরণ চার্জ, আনুষঙ্গিক খরচ ইত্যাদি সংশ্লিষ্ট হিসাব থেকে কর্তন করা হবে।

৩৪. ১৯৯১ সালের ব্যাংক কোম্পানি আইন অনুযায়ী ১০ (দশ) বছর ও তদুর্ধ্ব মেয়াদ পর্যন্ত কোন হিসাবে লেনদেন না হলে সংশ্লিষ্ট হিসাবটি অদাবিকৃত (Unclaimed) হিসাবে গণ্য করে উক্ত হিসাবের স্থিতি বাংলাদেশ ব্যাংকে স্থানান্তর করা হয়।

৩৫. যৌথ হিসাবের ক্ষেত্রে যদি একজনের মৃত্যু হয় এবং হিসাবটি যদি যৌথস্বাক্ষরে পরিচালনার নির্দেশ থাকে সেক্ষেত্রে যেকোনো একজনের মৃত্যুর সাথে সাথে সংশ্লিষ্ট হিসাবটিতে লেনদেন বন্ধ হয়ে যাবে। এক্ষেত্রে ব্যাংক কোম্পানি আইন ১৯৯১ এর ১০৩(১) (২) ধারার নির্দেশনার অবর্তমানে উত্তরাধিকার আইন ১৯২৫ অনুসারে প্রদত্ত উত্তরাধিকার সার্টিফিকেট অনুসারে হিসাবটি নিষ্পত্তি করা হবে।

৩৬. যৌথ হিসাবের ক্ষেত্রে যদি একজনের মৃত্যু হয় এবং হিসাবটির বিশেষ নির্দেশনায় উল্লেখ থাকে যে, যেকোনো একজন বা জীবিত ব্যক্তি হিসাবটি পরিচালনা করতে পারবে, তাহলে জীবিত ব্যক্তি সংশ্লিষ্ট হিসাবটি পরিচালনা করতে সুযোগ পাবেন।

৩৭. মানিলন্ডারিং প্রতিরোধ আইন ২০১২ (২০১৫ এর সংশোধনীসহ), সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (২০১২-২০১৩ এর সংশোধনীসহ) ও বিধিমালা ২০১৩, আয়কর অধ্যাদেশ ও আয়কর বিধিমালা ১৯৮৪ ও বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (BFIU), বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সার্কুলার/নীতিমালা/দেশের প্রচলিত আইন দ্বারা যথাযথ ক্ষমতাপ্রাপ্ত যে কোন রেগুলেটরি অথরিটির চাহিদা অনুযায়ী গ্রাহক এর ব্যাংক হিসাবের যে কোন তথ্য সরবরাহ করতে বাধ্য থাকবেন।

৩৮. ব্যাংক কর্তৃক ইস্যুকৃত ডেবিট কার্ড/ক্রেডিট কার্ড/ডিজি ব্যাংকিং/ইন্টারনেট ব্যাংকিং সেবা, পাসওয়ার্ড ইত্যাদি সংরক্ষণের ব্যাপারে গ্রাহক সর্বোচ্চ নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করবেন এবং তার নিরাপত্তাজনিত অবহেলার কারণে সৃষ্ট কোনো ক্ষতির জন্য ব্যাংক দায়ী থাকবে না।

৩৯. ডেবিট কার্ড/ক্রেডিট কার্ড/ডিজি ব্যাংকিং/ইন্টারনেট ব্যাংকিং সেবা, পাসওয়ার্ড ইত্যাদি হারিয়ে গেলে বা কোনো অপব্যবহার হলে হিসাবধারীকে সাথে সাথে তা ব্যাংককে জানাতে হবে এবং পরবর্তী সময়ে উক্ত হারিয়ে যাওয়ার বিষয় লিখিত ভাবে নিশ্চিত করতে হবে।

৪০. হিসাবধারী তার লেনদেন, ব্যাংক কর্তৃক প্রেরিত খুদে বার্তা (SMS), হিসাব বিবরণী নিয়মিতভাবে যাচাই/নিরীক্ষা করবেন এবং কোনোরকম অসামঞ্জস্য হলে সাথে সাথে তা ব্যাংককে অবহিত করবেন।

৪১. হিসাবের নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য হিসাবধারী কখনই হিসাবের গোপনীয় তথ্যসমূহ এবং পিন/পাসওয়ার্ড/ভেরিফিকেশন কোড ইত্যাদি কারো সাথে শেয়ার করবেন না। ব্যাংক কখনই গ্রাহকের এসব গোপনীয় তথ্য জানতে চাইবে না।

৪২. ব্যাংক উল্লিখিত নিয়ম ও শর্তসমূহ যেকোনো সময় সংযোজন, বিয়োজন, পরিবর্তন করতে পারবে এবং গ্রাহক তা মেনে নিতে সম্মত থাকবেন।

৪৩. ব্যাংকের অভ্যন্তরীণ যোগাযোগের সময় পথিমধ্যে কোন দৈব দুর্ঘটনায় তৃতীয় পক্ষের মাধ্যমে আনা নেওয়ার সময় কোন দলিল-দস্তাবেজ বা ইন্সট্রুমেন্ট নষ্ট হলে বা হারিয়ে গেলে ব্যাংক কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৪৪. আল-ওয়াদি'আহ্ চলতি হিসাব, মুদারাবা সঞ্চয়ী হিসাব এবং মুদারাবা বিশেষ নোটিশ হিসাব সর্বশেষ লেনদেন বা হিসাব বিবরণীর সর্বশেষ প্রাপ্তি স্বীকার বা উক্ত বিবরণীর জন্য সর্বশেষ অনুরোধের তারিখ থেকে অন্যূন ০৬ (ছয়) মাস গ্রাহক কর্তৃক কোন প্রকার লেনদেন সম্পাদিত না হলে, হিসাবটি Inoperative (অপ্রচলিত) হিসেবে গণ্য করা হবে। Inoperative (অপ্রচলিত) হিসেবে চিহ্নিত হওয়ার পর আল-ওয়াদি'আহ্ চলতি হিসাব ও মুদারাবা বিশেষ নোটিশ হিসাবের ক্ষেত্রে অন্যূন ০৬ (ছয়) মাস এবং মুদারাবা সঞ্চয়ী হিসাবের ক্ষেত্রে অন্যূন ১৮ (আঠারো) মাস সময় অতিক্রান্ত হলে হিসাবটি ডরম্যান্ট হিসাব (Dormant Account) বলে গণ্য করা হবে। তবে সরকার, নাবালক এবং আদালতের অর্থ সংক্রান্ত হিসাবসমূহ ডরম্যান্ট হিসেবে গণ্য হবে না।

## Declaration for Opening Foreign Currency Account (if applicable)

I, the undersigned .......................................................................................... Son/Daughter/Wife of .............................................Holding passport No.......................... Dated .......................... Valid upto ............................ Issued at ........................................by .......................................... do hereby solemnly declare that I am a Bangladeshi and ordinarily resident in with profession as ..................................... I further declare and confirm that I do not receive any Foreign Exchange from Bangladesh and my income will not be derived from any Bangladeshi sources. I/We, declare that I/We shall abide by rules governing Foreign Currency Current Account and shall intimate you any change of my/our foreign address.

আমরা উভয়পক্ষ উক্ত নিয়মাবলি এবং এতদসংক্রান্ত প্রচলিত সকল আইন মেনে চলতে রাজি হয়ে নিম্নে স্বাক্ষর করে এ চুক্তিনামা সম্পাদন করলাম

(We, the undersigned, are agreed to accomplish this contract standing for all aforementioned conditions & prevailing laws regarding the matter).

| | |
|---|---|
| হিসাবধারী/হিসাবধারীগণের নাম<br>স্বাক্ষর ও তারিখ | হিসাব খোলার সাথে সংশ্লিষ্ট কর্মকর্তার<br>নামযুক্ত সীলসহ স্বাক্ষর ও তারিখ |

## গ্রাহকদের জন্য প্রয়োজনীয় কাগজপত্র (Documents Required for Customers)

- হিসাব খোলার আবেদনপত্র যা প্রত্যেক আবেদনকারীকে পূরণ ও স্বাক্ষর করতে হবে।
- প্রত্যেক আবেদনকারীর সম্প্রতি তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি।
- জাতীয় পরিচয়পত্র/ বৈধ পাসপোর্ট /ড্রাইভিং লাইসেন্স /অথবা অন্যান্য ছবি সম্বলিত পরিচয়পত্রের অনুলিপি।
- নমিনি বা নমিনিগণের বিস্তারিত বিবরণ ও আবেদনকারী কর্তৃক সত্যায়িত প্রত্যেকের ১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি।
- নাবালকের হিসাবের ক্ষেত্রে জন্মসনদের অনুলিপি এবং অভিভাবক কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ছবি।
- হিসাব ঠিকানার স্বপক্ষে সাম্প্রতিক ইউটিলিটি বিল (গ্যাস, বিদ্যুৎ, ওয়াসা, টেলিফোন)-এর অনুলিপি (যদি থাকে)।
- ই-টিন সার্টিফিকেটের অনুলিপি (যদি থাকে)।
- আবেদনকারী পর্দানশীন শিক্ষিত মহিলা হলে ব্যাংকের নিকট পরিচিত এমন গ্রাহক কর্তৃক পরিচিতি প্রদান করতে হবে। নিরক্ষর মহিলা আবেদনকারীর ক্ষেত্রে চেহারা উম্মুক্ত ছবি প্রদান করতে হবে এবং প্রত্যেক লেনদেনের সময় চেহারা উম্মুক্ত রাখতে হবে।
- নাবালকের হিসাবের ক্ষেত্রে আবেদনপত্র হিসাব পরিচালনাকারী অভিভাবক কর্তৃক স্বাক্ষরিত হতে হবে ।

### অনিবাসী গ্রাহকদের জন্য প্রয়োজনীয় অতিরিক্ত কাগজপত্র (Additional Documents Required for non-Resident Customers)

- বিদেশি নাগরিকের ক্ষেত্রে পাসপোর্ট, বৈধ ভিসা, ওয়ার্ক পারমিটের অনুলিপি (বিদেশি পাসপোর্টের ক্ষেত্রে, 'বাংলাদেশের জন্য ভিসা প্রযোজ্য নয়')পৃষ্ঠাটি সংযুক্ত করতে হবে।
- চাকুরির প্রমাণপত্র, উপার্জনের সনদপত্র, পে-স্লিপ, চাকুরির নিয়োগপত্র যাতে বাৎসরিক বা মাসিক আয় বর্ণিত থাকে বা সর্বশেষ আয়কর রিটার্ন সনদ/জমা স্লিপের অনুলিপি।

### Formalities to be observed for opening foreign currency account

1. Account Opening Form duly filled in and signed.
2. Original Passport to be produced for verification and its photocopy to be submitted.
3. Any letter about service or its photocopy from the employer or photocopy of contract form.
4. Two passport size photographs of Account holder and nominee(s), photograph to be attested by account holder.
5. Service/Contract/Appointment letter/Visa for appointment, if be other than Bengali & English shall be submitted with the Account Opening Form duly translated in Bengali or English.
6. In case the intending persons desire to open the account from abroad all the necessary papers (excluding original passport) to be sent duly attested by the authorized official of Bangladesh Embassy working there. Please also note to sign the forms exactly in the same manner as your signature appears in the passport.

### দ্রষ্টব্য (Notes)

- যাচাইয়ের স্বার্থে প্রয়োজনে উল্লিখিত কাগজপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে।
- ঘষামাজা/কাটাকাটির ক্ষেত্রে আবেদনকারীর পূর্ণ স্বাক্ষর দিয়ে প্রত্যয়িত করতে হবে।
- সকল কাগজ-পত্র ইংরেজি বা বাংলা ভাষায় হতে হবে। অন্য কোনো ভাষার কাগজ বা নথি থাকলে তা অনুমোদিত অনুবাদকারী কর্তৃক ইংরেজি বা বাংলা ভাষায় অনুবাদ করে জমা দিতে হবে।